দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ...FEB. 1 5.2000. ...
পৃষ্ঠা ৩ কলাম ৩......

33

## ঢাবি'র এক শিক্ষককে শোকজ নোটিস দেয়া হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এক শিক্ষককে 'কেন চাকরিচ্যুত করা হবে না' এই মর্মে শোকজ নোটিস প্রদানের সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দেয়া শর্ত অমান্য করে ছুটিতে থাকার কারণে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এই সিদ্ধান্ত নিয়েছে। সংশ্লিষ্ট সূত্রে এ খবর জানা গেছে।

আইন বিভাগের শিক্ষক অধ্যাপক মাইমুল হাসান বিদেশ যাওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে এক বছরের ছুটি চেয়েছেন। এই শিক্ষক আইন বিভাগে চার প্রভাষক নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে মামলা দায়ের করেছিলেন। উপাচার্য ছুটির আবেদনপত্র পাওয়ার পর এই শিক্ষককে জানিয়ে দেন মামলা নিষ্পত্তি হওয়ার পর তিনি ছুটি পেতে পারেন অথবা মামলা প্রত্যাহারের পর তিনি ছুটি পেতে পারেন। কর্তৃপক্ষের বিরুদ্ধে তাঁর দায়ের করা মামলা ঝুলন্ত থাকা অবস্থায় তাঁকে ছুটি দেয়া হবে না। বিষয়টি জেনে তিনি কর্তৃপক্ষকে মামলা প্রত্যাহারের কথা দিয়েছেন। এই শিক্ষকের ছুটির আবেদনপত্রে মামলা প্রত্যাহারের শর্তে ছুটি দেয়ার কথা উল্লেখ রয়েছে বলে জানা গেছে। এই শিক্ষক মামলা প্রত্যাহার না করে বিদেশ চলে যান এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-রাষ্ট্রপতির নিকট ছুটির আবেদন করেন। রাষ্ট্রপতি ছুটির আবেদনপত্রের একটি কপি উপাচার্যের দফতরে পাঠান। উপাচার্য বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেরিত ছুটির আবেদনপত্রটি সিন্ডিকেটে ওঠান। সিন্ডিকেট বিষয়টি আলোচনা করে শোকজ নোটিস প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। শোকজ নোটিসের উত্তর পাওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।